

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শৃঙ্খলা অধিশাখা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



মুজিব  
মন্ত্রী

১৪২৭ বঙ্গাব্দ  
১৫ ফেব্রুয়ারি ১৪২৭ বঙ্গাব্দ  
তারিখঃ ০৮.০৩.২০২১ খ্রি.

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.১৫৩.১৯-৮৮

### আদেশ

যেহেতু ডা. মোহাম্মদ আহাদ হোসেন (১০০৪৮১৬), জুনিয়র কন্সালটেন্ট (অ্যানেসথেশিয়া), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তরে সেংযুক্ত: কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা) এর বিবুকে গত ৩০.০৮.২০১৯ খ্রি. হতে অ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আগীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে ১৪.১১.২০১৯ খ্রি. তারিখের ৬৪৫ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং বিধি মোতাবেক তার বক্তব্য লিপিবদ্ধ করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য পর্যালোচনায় দেখা যায় যে, অভিযোগে উল্লিখিত সময়ে (৩০.০৮.২০১৯ খ্রি.) শিক্ষা ছুটিতে থাকা অবস্থায় তার বদলির আদেশ প্রদান করা হয়েছে এবং শিক্ষা ছুটি শেষ করে তিনি যথানিয়মে চাকুরিতে যোগদান করেছেন বিধায় তার চাকুরিতে বিরতি ঘটেনি;

সেহেতু ডা. মোহাম্মদ আহাদ হোসেনের বিবুকে আনীত অভিযোগের বিষয়ে তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানি সান্তোষজনক হওয়ার প্রেক্ষিতে তাকে উক্ত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হল এবং ভবিষ্যতে সরকারি আদেশ-নির্দেশ প্রতিপালনে তাকে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য বলা হলো। অভিযোগে বর্ণিত সময়কে নিয়মিত চাকুরিকাল হিসেবে গণ্য করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৮.০৩.২০২১  
(মো. আবদুল মামান)  
সচিব

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.১৫৩.১৯-৮৮/৮ (১২)

তারিখঃ ০৮.০৩.২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুমতি প্রেরণ করা হলো (জ্যোতির ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। পরিচালক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা
- ৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেইজে সংরক্ষণ করার অনুরোধসহ)

- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি স্বাস্থ্য সেবা বিভাগের শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের অনুরোধসহ}
- ৬। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের অনুরোধসহ)
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। ড. মোহাম্মদ আহাদ হোসেন (১০০৪৮১৬), জুনিয়র কনসালটেন্ট (অ্যানেসথেশিয়া), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর (সংযুক্ত: কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা)
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১২। অফিস কপি

০৬-০৬-২০২১  
 (মোঃ শাহাদত হোসেন কবির)  
 সিনিয়র মহকারী সচিব  
 ফোনঃ ৯৫৪৫০২৮  
[disc@hsd.gov.bd](mailto:disc@hsd.gov.bd)